

🗏 আল-জাসিয়া | Al-Jathiya | ٱلْجَاثِيَة

আয়াতঃ ৪৫: ২৭

💵 আরবি মূল আয়াত:

وَ لِللهِ مُلكُ السَّمَاوَتِ وَ الأرضِ ١٠ وَ يَومَ تَقُومُ السَّاعَةُ يَومَئِذٍ يَّحْسَرُ المُبطِلُونَ ﴿٢٧﴾

আর আসমানসমূহ ও যমীনের মালিকানা আল্লাহরই এবং যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন বাতিলপন্থীরা ক্ষতিগ্রস্ত হবে। — আল-বায়ান

আকাশ ও যমীনের রাজত্ব আল্লাহরই, যে দিন কিয়ামত সংঘটিত হবে, সেদিন মিথ্যার অনুসারীরা ধ্বংস হয়ে যাবে। — তাইসিক্লল

আকাশমন্ডলী ও পৃথিবীর সার্বভৌমত্ব আল্লাহরই; যেদিন কিয়ামাত সংঘটিত হবে সেদিন মিথ্যাশ্রয়ীরা হবে ক্ষতিগ্রস্ত। — মুজিবুর রহমান

And to Allah belongs the dominion of the heavens and the earth. And the Day the Hour appears - that Day the falsifiers will lose. — Sahih International

২৭. আর আসমানসমূহ ও যমীনের রাজত্ব আল্লাহরই; এবং যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন বাতিলপন্থীরা হবে ক্ষতিগ্রস্ত।

তাফসীরে জাকারিয়া

(২৭) আকাশমন্ডলী ও পৃথিবীর সার্বভৌমত্ব আল্লাহরই। যেদিন কিয়ামত সংঘটিত হবে, সেদিন মিথ্যাশ্রয়ীরা হবে ক্ষতিগ্রস্ত।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4500



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন